**প্রেস রিলিজ**

তারিখ: ২৩ আগস্ট ২০২৬

# ইতিহাস চর্চার মাধ্যমে ভবিষ্যৎ নির্মাণে ভূমিকা রাখতে হবে: নজরুল বিশ্ববিদ্যালয়ে বাউবি উপচার্য

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ আয়োজিত 'নবীন বরণ ও সাংস্কৃতিক সন্ধ্যা' বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে। আজ ২৩ আগস্ট ২০২৬ তারিখ রবিবার বিকাল ০৩: ০০টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের তৃতীয় আবর্তনের শিক্ষার্থীদের নবীন বরণ ও সাংস্কৃতিক সন্ধ্যায় উপস্থিত হতে পেরে তিনি আনন্দিত। তিনি জাতীয় কবি কাজী নজরুল ইসলামের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে নবীন শিক্ষার্থীদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি আরও বলেন, "বিশ্ববিদ্যালয় শুধু জ্ঞান অর্জনের স্থান নয়; এটি শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধ, সৃজনশীলতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার প্রতিষ্ঠান।" ইতিহাসের শিক্ষার্থীদের অতীতকে গভীরভাবে অধ্যয়ন করে বর্তমানকে উপলব্ধি এবং ভবিষ্যৎ নির্মাণে কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানান তিনি। উপাচার্য শিক্ষার্থীদের নিয়মিত অধ্যয়ন, গবেষণা ও নৈতিক মূল্যবোধ চর্চার ওপর গুরুত্বারোপ করে বলেন, ইতিহাসচর্চা সমাজ ও দেশের প্রতি দায়িত্ববোধ জাগ্রত করে। তিনি নবীন শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করে বলেন, শিক্ষা ও সংস্কৃতি একে অপরের পরিপূরক।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মোশাররফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। স্বাগত বক্তব্য দেন ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান ড. মুহাম্মদ শামসুজ্জামান। এছাড়া বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের সহধর্মিণী ড. আলো আরজুমান বানু বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনায় নবীন বরণ অনুষ্ঠানটি উৎসবমুখর হয়ে ওঠে।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক